# হাদির কবর জিয়ারত দিয়ে এনসিপির নির্বাচনী কার্যক্রম শুরু

সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকার কবরস্থানে ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদির কবর জিয়ারতের মধ্য দিয়ে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) তাদের নির্বাচনী প্রচারণা আনুষ্ঠানিকভাবে শুরু করেছে।

বৃহস্পতিবার সকালে দলের আহ্বায়ক ও ঢাকা–১১ আসনে মনোনীত প্রার্থী নাহিদ ইসলাম এই কর্মসূচিতে নেতৃত্ব দেন। তিনি বলেন, ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধ এবং সাম্প্রতিক গণঅভ্যুত্থান—সবকিছুর সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকার ঐতিহাসিক সম্পর্ক রয়েছে। সেই প্রতীকী গুরুত্ব থেকেই এখান থেকে প্রচারণা শুরুর সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

নাহিদ ইসলাম আরও বলেন, এবারের নির্বাচন আধিপত্য ও প্রভাবশালী গোষ্ঠীর বিরুদ্ধে লড়াইয়ের নির্বাচন। ১০ দলীয় ঐক্যজোটের প্রার্থী নাসীরুদ্দীন পাটওয়ারীর পক্ষে সমর্থন চেয়ে তিনি দেশবাসীর কাছে ঐক্যজোটকে বিজয়ী করার আহ্বান জানান।

LENS ASIA